



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
web.comillaboard.gov.bd

স্মারক নম্বর: ৩৭.১৩.০০০০.০০০.৫০২.০১.০০৫১.২২.১১

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: কুমিল্লা জেলার বরুড়া উপজেলাধীন রামমোহন তমিজিয়া উচ্চ বিদ্যালয়ের স্বীকৃতির মেয়াদ নবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, তাঁর বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ের স্বীকৃতির মেয়াদ ০১/০১/২০২৫ খ্রিঃ হতে ৩১/১২/২০২৮ খ্রিঃ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য নিচের শর্ত সাপেক্ষে বৃদ্ধি করা হল এবং ২০২৯ খ্রিঃ পর্যন্ত এসএসসি পরীক্ষায় ছাত্র-ছাত্রী অংশগ্রহণের অনুমতি প্রদান করা হল।

শর্তাবলী:

০১. স্নাতক পাস শিক্ষকগণকে পর্যায়ক্রমে বিএড প্রশিক্ষণে প্রেরণ করতে হবে।
০২. সহ-পাঠ্য কার্যক্রম জোরদার করতে হবে।
০৩. পাঠপত্রিকল্পনা অনুসরণপূর্বক শিক্ষকগণকে প্রাকপ্রস্তুতি গ্রহণ করে শিক্ষা উপকরণ ব্যবহারের মাধ্যমে শ্রেণি কক্ষে পাঠদান নিশ্চিত করতে হবে।
০৪. বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের নিয়মিত ব্যবহারিক ক্লাস নিশ্চিত এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি যন্ত্র সহকারে রক্ষণাবেক্ষণ করতে হবে।
০৫. বিদ্যালয়ের পাঠাগারের উন্নয়ন এবং ছাত্র-ছাত্রীদের মধ্যে নিয়মিত পাঠাভ্যাসের মনোভাব গড়ে তুলতে হবে।
০৬. স্টাফিং প্যাটার্ন ঠিক রেখে শিক্ষক নিয়োগ করতে হবে।
০৭. বিদ্যালয়ের চারপাশে কমপক্ষে ১০০টি ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষরোপন করে যথাযথ পরিচর্যা ব্যবস্থা করতে হবে।
০৮. এসএসসি পরীক্ষায় ন্যূনতম ৮০% পরীক্ষার্থী পাস করার প্রচেষ্টা চালাতে হবে।
০৯. বাধ্যতামূলকভাবে বয়স্কাউট/গার্লস গাইড ও রেড ক্রিসেন্ট দল গঠন করতে হবে।
১০. বাধ্যতামূলক কম্পিউটার সংগ্রহ ও ইন্টারনেট সংযোগ গ্রহণ করতে হবে।
১১. শিক্ষার্থীদের বেত্রাঘাত থেকে বিরত থাকতে হবে।
১২. জাতীয়, রাষ্ট্রীয় ও সরকার ঘোষিত দিবসমূহ যথাযথভাবে পালন করতে হবে।
১৩. স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণের ন্যূনতম ০৬ (মাস) পূর্বে নবায়নের জন্য বোর্ডে আবেদন করতে হবে।

২৩-০২-২০২৫
রীতা চক্রবর্তী
বিদ্যালয় পরিদর্শক
৮৮০৮১৭৬৭০০ (ফোন)
৮৮০৮১৭৬৪৩৮ (ফ্যাক্স)

প্রধান শিক্ষক

রামমোহন তমিজিয়া উচ্চ বিদ্যালয়, রামমোহন বাজার, বরুড়া, কুমিল্লা (১০৫১৯৪)।

স্মারক নম্বর: ৩৭.১৩.০০০০.০০০.৫০২.০১.০০৫১.২২.১১/১ (৫)

১০ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ২। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)।
- ৩। পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
- ৪। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, কুমিল্লা।
- ৫। অফিস কপি, বিদ্যালয় শাখা-০২, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা।



২৪-০২-২০২৫
রীতা চক্রবর্তী
বিদ্যালয় পরিদর্শক